

Total number of printed pages-6

63 (FY)SEM-2/MAJ2/BENMAJ1024

2024

BENGALI

Paper : BENMAJ1024

(Modern Poetry and Novel)

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×৮=৮

(ক) 'রজনী'র পিতার নাম

(অ) হরেকৃষ্ণ দাস

(আ) রামকৃষ্ণ দাস

(ই) হরেরাম দাস

(ঈ) রাখহরি দাস

(খ) “নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?” তস্কর শব্দের
অর্থ কী ?

(অ) শিক্ষক

(আ) গুণ্ডা

(ই) চোর

(ঈ) দেবতা

(গ) ‘রজনী’ উপন্যাসের খণ্ড সংখ্যা

(অ) ৩টি

(আ) ৪টি

(ই) ৫টি

(ঈ) ৬টি

(ঘ) বিনুকে রোগে ধরেছিল

(অ) ২৪ বছর বয়সে

(আ) ২৬ বছর বয়সে

(ই) ২৫ বছর বয়সে

(ঈ) ২২ বছর বয়সে

(ঙ) ‘ভাড়াটে কুঠি’ কবিতার কবি

(অ) রবীন্দ্রনাথ

(আ) মধুসূদন দত্ত

(ই) কামিনী রায়

(ঈ) প্রেমেন্দ্র মিত্র

(চ) ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।
— কোন কবিতার অংশ?

(অ) ফাঁকি

(আ) ভাড়াটে কুঠি

(ই) জীবন-বন্দনা

(ঈ) ধরায় দেবতা চাহি

(ছ) কালীচরণবাবুর ছেলের নাম

(অ) কৃষ্ণচরণ

(আ) বামাচরণ

(ই) রামচরণ

(ঈ) ভবানীচরণ

(জ) লবঙ্গলতার বাপের বাড়ি ছিল

(অ) ভরতপুর গ্রামে

(আ) কালিকাপুর গ্রামে

(ই) শিবপুর গ্রামে

(ঈ) কৃষ্ণপুর গ্রামে

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো ছয়টি) :

২×৬=১২

(ক) রজনীর পরিচয় দাও।

(খ) 'যারা বর্বর হেথা বাঁধে ঘর পরম অকুতোভয়ে'—'বর্বর' ও 'অকুতোভয়ে'—শব্দের অর্থ কী ?

(গ) "কাঁদিস না-তুই আমার বর" — কার উক্তি ? এখানে 'বর' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঘ) "তোমার হাতে কিসের লাঠি ?" — উক্তিটি কার ? কার হাতে কিসের লাঠি ছিল ?

(ঙ) "রজনী কায়েতের কুলে তুমিই ধন্য !" — কে কেন একথা বলল ?

(চ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটিতে কোন সদাগরের উল্লেখ আছে ? তিনি কোন নগরে বাণিজ্য করতে গিয়েছিলেন ?

(ছ) 'বৃথা এ সাধনা, ধীমান! রাঘবদাস আমি,' — 'রাঘবদাস' কে ? 'ধীমান' বলে বক্তা কাকে সম্বোধন করেছে ?

(জ) সুনীল গঙ্গোপাধ্যায়ের কবিতানুসারে মামার বাড়ির মাঝির নাম কী ? সে কবিকে কী বলে সম্বোধন করত ?

৩। টীকা লেখো : (যে-কোনো ছয়টি)

৫×৬=৩০

(ক) "আমি জিজ্ঞাসা করিলাম, ইহার কি নাম রাখিয়াছেন ? শচীন্দ্র বলিলেন অমরপ্রসাদ।" কে, কার নাম জানতে চেয়েছিল ? নামটি কি তাৎপর্যপূর্ণ ? — আলোচনা করো।

(খ) "বিবাহ না হউক— তাতে আমার দুঃখ ছিল না। আমি স্বয়ম্বর হইয়াছিলাম।" — কার বক্তব্য ? স্বয়ম্বর হয়ে সে কাকে বিয়ে করেছে ? এই বিয়ের দ্বারা তার কোন দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায় — আলোচনা করো।

(গ) "... কোন ধর্মমতে, কহ দাসে, শুনি, জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি, — এ সকলে দিলা জলাঞ্জলি?" বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে ? বক্তব্যটির তাৎপর্য কী ?

(ঘ) কবি কামিনী রায় ধরায় দেবতার প্রতিষ্ঠা কেন চাইছেন ?

(ঙ) "ঘরের ছেলের চক্ষে দেখেছি বিশ্বভূপের ছায়া, বাঙালির হিয়া অমিয় মথিয়া নিমাই ধরেছে কায়া।" — ব্যাখ্যা করো।

- (চ) “তোমাকে স্নেহ করিলে আমি ধর্মে পতিত হইব।”
কে, কাকে, কখন একথা বলেছিল ? স্নেহ করার প্রশ্ন
উঠেছিল কেন ? স্নেহ করলে ধর্মেই-বা পতিত হবে
কেন ?
- (ছ) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় কবি বাংলার
মুখের কেমন পরিচয় দিয়েছেন — আলোচনা করো।
- (জ) ‘ভাড়াটে কুঠি’ কবিতার বক্তব্য বিষয় কী — নিজের
ভাষায় লেখো।
- (ঝ) ‘রজনী’ উপন্যাসের যে-কোনো দুটি অপ্রধান চরিত্র
সম্পর্কে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুটি)

১০×২=২০

- (ক) বঙ্কিমচন্দ্রের ‘রজনী’ উপন্যাসটিকে সামাজিক উপন্যাস
বলা যায় কিনা আলোচনা করো।
- (খ) ‘কেউ কথা রাখেনি’ কবিতার মর্মার্থ নিজের ভাষায়
লেখো।
- (গ) ‘রজনী’ উপন্যাসের নারী চরিত্রগুলি মধ্যে কাকে তোমার
প্রধান বলে মনে হয় — আলোচনা করো।
- (ঘ) ‘ফাঁকি’ কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।